# সূচিপত্র


| | | পৃষ্ঠা |
|---|---|---|
| ✦ ছন্দে শুধু কান রাখো | অজিত দত্ত | ১-৪ |
| ✦ পাগলা গণেশ | শীর্ষেন্দু মুখোপাধ্যায় | ৫-১২ |
| ✦ বঙ্গভূমির প্রতি | মাইকেল মধুসূদন দত্ত | ১৩-১৬ |
| ✦ মাতৃভাষা | কেদারনাথ সিং | ১৭-১৯ |
| ✦ একুশের কবিতা | আশরাফ সিদ্দিকী | ২০-২৪ |
| ✦ একুশের তাৎপর্য | আবুল ফজল | ২৫-২৮ |
| ✦ নানান দেশে নানান ভাষা | রামনিধি গুপ্ত | ২৯-৩১ |
| ✦ আত্মকথা | রামকিঙ্কর বেইজ | ৩২-৩৯ |
| ✦ আঁকা, লেখা | মৃদুল দাশগুপ্ত | ৪০-৪৩ |
| ✦ খোকনের প্রথম ছবি | বনফুল | ৪৪-৫০ |
| ✦ কুতুব মিনারের কথা | সৈয়দ মুজতবা আলি | ৫১-৫৮ |
| ✦ কার দৌড় কদ্দুর | শিবতোষ মুখোপাধ্যায় | ৫৯-৬৭ |
| ✦ নোট বই | সুকুমার রায় | ৬৮-৭২ |
| ✦ মেঘ-চোর | সুনীল গঙ্গোপাধ্যায় | ৭৩-৮০ |
| ✦ দুটি গানের জন্মকথা | সমীর সেনগুপ্ত | ৮১-৮৫ |
| ✦ কাজী নজরুলের গান | রামকুমার চট্টোপাধ্যায় | ৮৬-৯০ |
| ✦ স্মৃতিচিহ্ন | কামিনী রায় | ৯১-৯৫ |
| ✦ চিরদিনের | সুকান্ত ভট্টাচার্য | ৯৬-১০০ |
| ✦ ভানুসিংহের পত্রাবলি | রবীন্দ্রনাথ ঠাকুর | ১০১-১০৭ |
| ✦ ভারততীর্থ | রবীন্দ্রনাথ ঠাকুর | ১০৮-১১১ |
| ✦ স্বাধীনতা সংগ্রামে নারী | কমলা দাশগুপ্ত | ১১২-১১৫ |
| ✦ রাস্তায় ক্রিকেট খেলা | মাইকেল অ্যানটনি | ১১৬-১১৮ |
| ✦ দিন ফুরোলে | শঙ্খ ঘোষ | ১১৯-১২২ |
| ✦ জাদুকাহিনি | অজিতকৃষ্ণ বসু | ১২৩-১২৬ |

# সূচিপত্র


| | | পৃষ্ঠা |
|---|---|---|
| ✦ গাধার কান | শরদিন্দু বন্দ্যোপাধ্যায় | ১২৭-১৩১ |
| ✦ পটলবাবু ফিল্মস্টার | সত্যজিৎ রায় | ১৩২-১৩৯ |
| ✦ চিন্তাশীল | রবীন্দ্রনাথ ঠাকুর | ১৪০-১৪২ |
| ✦ দেবতাত্মা হিমালয় | প্রবোধকুমার সান্যাল | ১৪৩-১৪৭ |
| ✦ বই-টই | প্রেমেন্দ্র মিত্র | ১৪৮-১৫১ |
| ✦ মাকু | লীলা মজুমদার | ১৫২-১৭০ |
| **ব্যাকরণ** | | |
| ✦ বাংলা ভাষার শব্দ | | ১৭১-১৭৫ |
| ✦ বাংলা বানান | | ১৭৬-১৭৮ |
| ✦ নানারকম শব্দ | | ১৭৯-১৮১ |
| ✦ শব্দ তৈরির কৌশল | | ১৮২-১৮৯ |
| ✦ কারক, বিভক্তি ও অনুসর্গ | | ১৯০-১৯৭ |
| **নির্মিতি** | | |
| ✦ পত্ররচনা | | ১৯৮-২০২ |
| ✦ প্রবন্ধ রচনা | | ২০৩-২১০ |
| ✦ এককথায় প্রকাশ | | ২১১-২১৪ |
| ✦ বাগ্‌ধারা | | ২১৫-২১৯ |
| ✦ গান | | ২২০-২২৬ |



✦ এই বইয়ের সব থেকে গুরুত্বপূর্ণ এবং অভিনব বিষয়টি হল, এই বইয়ের সাথে ছাত্রছাত্রীরা তাদের সর্বক্ষণের ছায়াসঙ্গী হিসাবে পেয়ে যাবে একজন **Digital Private Tutor**। এই বইয়ের সাথে যে স্মার্ট কার্ডটি ছাত্রছাত্রীরা পাবে, সেই কার্ডে থাকা কোড-এর মাধ্যমে **Learning App**-এর এই সাবজেক্টের ভিডিয়ো ক্লাসগুলি তারা দেখার সুযোগ পাবে। যেখানে প্রতিটি অধ্যায়ের প্রত্যেকটি টপিক, গ্রাফিক্স-অ্যানিমেশনের মাধ্যমে গল্পের ছলে সিনেমার মতো করে বুঝিয়েছেন আমাদের অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকারা। অর্থাৎ এই বইয়ের সাথে ছাত্রছাত্রীদের কাছে ২৪ ঘণ্টা উপস্থিত থাকছেন একজন **Digital Private Tutor**।

✦ এই বইয়ের একটি অন্যতম আকর্ষণ হল অধ্যায়ভিত্তিক **Mock Test** দেওয়ার সুযোগ। প্রত্যেকটি অধ্যায়ের শেষে ওই অধ্যায়ের উপর ছাত্রছাত্রীরা একটি প্রশ্নপত্র পাবে। প্রত্যেকটি অধ্যায়ের প্রশ্নপত্রের উপর পরীক্ষা দিয়ে সেই উত্তরপত্রের ছবি তুলে **Learning App**-এ আপলোড করে দিলেই ওই প্রশ্নপত্রের **Model Answer** ছাত্রছাত্রীরা ডাউনলোড করে নিতে পারবে। আরও জানতে **Call** করো এই নম্বরে— **9903985050**

প্রত্যেকটি বিষয়ের জন্য অধ্যায়ভিত্তিক ছোটো ছোটো ভিডিয়ো ক্লাসের আকারে বইয়ের বিষয়গুলি সুন্দর করে বোঝানো হয়েছে এই **Learning App**-এ। ঝকঝকে গ্রাফিক্স, দুর্দান্ত অ্যানিমেশন, সঙ্গে অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকাদের ভরসা। সম্পূর্ণ গল্পের ছলে সিনেমার মতো করে প্রাঞ্জল ভাষায় ছাত্রছাত্রীদের কাছে পৌঁছে যাচ্ছে ভাষা থেকে বিজ্ঞান, অঙ্ক থেকে ইতিহাস, ভূগোল সমস্ত বিষয়ের সিলেবাসভিত্তিক জ্ঞান। পশ্চিমবঙ্গ বোর্ডের বাংলা মাধ্যমের শিক্ষার্থীদের কাছে তাই এই **Learning App** হল অনলাইন শিক্ষার সর্বাঙ্গীণ অ্যাপ। সপ্তম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণির ছাত্রছাত্রীদের পরীক্ষায় ভালো নম্বর ও সর্বাঙ্গীণ উন্নতিই আমাদের একমাত্র লক্ষ্য।

## বাংলা

### LIST OF VIDEOS IN LEARNING APP

| Chapter | Sl. No. | Topics | Duration |
|---|---|---|---|
| ছন্দে শুধু কান রাখো | ১ | কবি পরিচিতি | 02 : 37 Mins |
| | ২ | কবিতার ব্যাখ্যা ১ | 05 : 28 Mins |
| | ৩ | কবিতার ব্যাখ্যা ২ | 04 : 39 Mins |
| | ৪ | পাঠ্যাংশের ব্যাকরণ | 03 : 43 Mins |
| মম চিত্তে নিতি নৃত্যে | ১ | কবি পরিচিতি | 01 : 57 Mins |
| | ২ | কবিতার ব্যাখ্যা | 06 : 17 Mins |
| পাগলা গণেশ | ১ | লেখক পরিচিতি | 02 : 38 Mins |
| | ২ | গল্পের বিষয়বস্তু | 06 : 03 Mins |
| | ৩ | গণেশ চরিত্র | 07 : 39 Mins |
| | ৪ | প্রাসঙ্গিক আলোচনা | 04 : 38 Mins |
| | ৫ | পাঠ্যাংশের ব্যাকরণ | 04 : 21 Mins |
| বঙ্গভূমির প্রতি | ১ | কবি পরিচিতি | 02 : 13 Mins |
| | ২ | কবিতার ব্যাখ্যা ১ | 04: 00 Mins |
| | ৩ | কবিতার ব্যাখ্যা ২ | 04 : 22 Mins |
| | ৪ | পাঠ্যাংশের ব্যাকরণ | 01 : 59 Mins |
| মাতৃভাষা | ১ | কবি পরিচিতি | 01 : 42 Mins |
| | ২ | কবিতার ব্যাখ্যা | 05 : 47 Mins |

# বাংলা

## LIST OF VIDEOS IN LEARNING APP

| Chapter | Sl. No. | Topics | Duration |
|---|---|---|---|
| একুশের কবিতা | ১ | কবি পরিচিতি | 01 : 44 Mins |
| | ২ | কবিতার ব্যাখ্যা (প্রথম পর্ব) | 04 : 34 Mins |
| | ৩ | কবিতার ব্যাখ্যা (দ্বিতীয় পর্ব) | 05 : 49 Mins |
| | ৪ | পাঠ্যাংশের ব্যাকরণ | 04 : 04 Mins |
| একুশের তাৎপর্য | ১ | লেখক পরিচিতি | 02 : 03 Mins |
| | ২ | পাঠপ্রসঙ্গ | 05 : 16 Mins |
| | ৩ | বিষয়বস্তু | 02 : 37 Mins |
| নানান দেশে নানান ভাষা | ১ | কবি পরিচিতি | 01 : 49 Mins |
| | ২ | কবিতার ব্যাখ্যা | 02 : 47 Mins |
| আত্মকথা | ১ | লেখক পরিচিতি | 03 : 46 Mins |
| | ২ | বিষয়সংক্ষেপ | 05 : 40 Mins |
| | ৩ | পাঠ্যাংশের ব্যাকরণ | 02 : 36 Mins |
| আঁকা, লেখা | ১ | কবি পরিচিতি | 01 : 55 Mins |
| | ২ | কবিতার ব্যাখ্যা | 06 : 21 Mins |
| | ৩ | পাঠ্যাংশের ব্যাকরণ | 02 : 41 Mins |
| খোকনের প্রথম ছবি | ১ | লেখক পরিচিতি | 02: 40 Mins |
| | ২ | গল্পের বিষয়বস্তু -১ | 04 : 58 Mins |
| | ৩ | গল্পের বিষয়বস্তু-২ | 03 : 18 Mins |
| | ৪ | পাঠ্যাংশের ব্যাকরণ | 03 : 57 Mins |
| কুতুব মিনারের কথা | ১ | লেখক পরিচিতি | 02 : 43 Mins |
| | ২ | পাঠপ্রসঙ্গ | 02 : 20 Mins |
| | ৩ | বিষয়বস্তু ( প্রথম পর্ব) | 04 : 48 Mins |
| | ৪ | বিষয়বস্তু (দ্বিতীয় পর্ব) | 06 : 42 Mins |
| | ৫ | বিষয়বস্তু (তৃতীয় পর্ব) | 04 : 35 Mins |

# বাংলা

## LIST OF VIDEOS IN LEARNING APP

| Chapter | Sl. No. | Topics | Duration |
|---|---|---|---|
| | ৬ | অন্যান্য আলোচনা | 03 : 49 Mins |
| আজি দখিন-দুয়ার খোলা | ১ | কবিতার ব্যাখ্যা | 05 : 21 Mins |
| কার দৌড় কদ্দুর | ১ | লেখক পরিচিতি | 02 : 28 Mins |
| | ২ | পাঠপ্রসঙ্গ | 02 : 04 Mins |
| | ৩ | বিষয়বস্তু (প্রথম পর্ব) | 07 : 59 Mins |
| | ৪ | বিষয়বস্তু (দ্বিতীয় পর্ব) | 09 : 36 Mins |
| | ৫ | বিষয়বস্তু (তৃতীয় পর্ব) | 04 : 57 Mins |
| | ৬ | পাঠ্যাংশের ব্যাকরণ | 02 : 27 Mins |
| নোট বই | ১ | কবি পরিচিতি | 01 : 44 Mins |
| | ২ | কবিতার ব্যাখ্যা | 05 : 03 Mins |
| | ৩ | পাঠ্যাংশের ব্যাকরণ | 02 : 48 Mins |
| মেঘ-চোর | ১ | লেখক পরিচিতি | 03 : 07 Mins |
| | ২ | পাঠপ্রসঙ্গ | 03 : 56 Mins |
| | ৩ | গল্পের বিষয়বস্তু (প্রথম পর্ব) | 04 : 39 Mins |
| | ৪ | গল্পের বিষয়বস্তু (দ্বিতীয় পর্ব) | 06 : 11 Mins |
| | ৫ | পুরন্দর চৌধুরীর চরিত্র | 04 : 47 Mins |
| | ৬ | অসীমা চরিত্র | 04 : 05 Mins |
| | ৭ | পাঠ্যাংশের ব্যাকরণ | 07 : 36 Mins |
| দুটি গানের জন্মকথা | ১ | সূচনা | 02 : 42 Mins |
| | ২ | পাঠপ্রসঙ্গ | 02 : 25 Mins |
| | ৩ | বিষয়বস্তু-১ | 07 : 44 Mins |

# বাংলা

## LIST OF VIDEOS IN LEARNING APP

| Chapter | Sl. No. | Topics | Duration |
|---|---|---|---|
| | ৪ | বিষয়বস্তু-২ | 04: 40 Mins |
| | ৫ | ব্যাকরণ | 03 : 30 Mins |
| কাজী নজরুলের গান | ১ | লেখক পরিচিতি | 02 : 40 Mins |
| | ২ | বিষয়বস্তু | 05 : 36 Mins |
| | ৩ | পাঠ্যাংশের ব্যাকরণ | 02 : 23 Mins |
| আছেন কোথায় স্বর্গপুরে | ১ | কবি পরিচিতি | 02 : 90 Mins |
| | ২ | কবিতার ব্যাখ্যা | 03 : 59 Mins |
| স্মৃতিচিহ্ন | ১ | কবি পরিচিতি | 01 : 59 Mins |
| | ২ | কবিতার ব্যাখ্যা | 05 : 35 Mins |
| | ৩ | পাঠ্যাংশের ব্যাকরণ | 02 : 33 Mins |
| চিরদিনের | ১ | কবি পরিচিতি | 01 : 57 Mins |
| | ২ | কবিতার ব্যাখ্যা (প্রথম পর্ব) | 06 : 04 Mins |
| | ৩ | কবিতার ব্যাখ্যা (দ্বিতীয় পর্ব) | 05 : 02 Mins |
| | ৪ | পাঠ্যাংশের ব্যাকরণ | 05 : 05 Mins |
| জাতের বজ্জাতি | ১ | কবি পরিচিতি | 03 : 40 Mins |
| | ২ | কবিতার ব্যাখ্যা | 04 : 55 Mins |
| তুমি নির্মল করো মঙ্গল-করে | ১ | কবি পরিচিতি | 01: 48 Mins |
| | ২ | কবিতার ব্যাখ্যা | 08 : 21 Mins |
| ভানুসিংহের পত্রাবলি | ১ | লেখক পরিচিতি | 04 : 31 Mins |
| | ২ | বিষয়বস্তু—১ | 05 : 04 Mins |
| | ৩ | বিষয়বস্তু—২ | 03 : 51 Mins |

# বাংলা

## LIST OF VIDEOS IN LEARNING APP

| Chapter | Sl. No. | Topics | Duration |
|---|---|---|---|
| | ৪ | পাঠ্যাংশের ব্যাকরণ | 05 : 58 Mins |
| নীল অঞ্জনঘন পুঞ্জছায়ায় | ১ | কবিতার ব্যাখ্যা | 05 : 55 Mins |
| ভারততীর্থ | ১ | কবি পরিচিতি | 03 : 09 Mins |
| | ২ | কবিতার ব্যাখ্যা (প্রথম পর্ব) | 07 : 14 Mins |
| | ৩ | কবিতার ব্যাখ্যা (দ্বিতীয় পর্ব) | 07 : 42 Mins |
| | ৪ | কবিতার ব্যাখ্যা (তৃতীয় পর্ব) | 06 : 07 Mins |
| | ৫ | পাঠ্যাংশের ব্যাকরণ | 03 : 37 Mins |
| স্বাধীনতা সংগ্রামে নারী | ১ | কবি পরিচিতি | 04 : 44 Mins |
| | ২ | ননীবালা দেবী (প্রথম পর্ব) | 05 : 03 Mins |
| | ৩ | ননীবালা দেবী (দ্বিতীয় পর্ব) | 04 : 53 Mins |
| | ৪ | দুকড়িবালা দেবী | 06 : 56 Mins |
| | ৫ | পাঠ্যাংশের ব্যাকরণ | 04 : 38 Mins |
| রাস্তায় ক্রিকেট খেলা | ১ | কবি পরিচিতি | 02 : 53 Mins |
| | ২ | বিষয়সংক্ষেপ | 04 : 41 Mins |
| | ৩ | সেলোর চরিত্র | 05 : 16 Mins |
| | ৪ | পাঠ্যাংশের ব্যাকরণ | 04 : 48 Mins |
| দিন ফুরোলে | ১ | কবি পরিচিতি | 02 : 13 Mins |
| | ২ | কবিতার ব্যাখ্যা | 04 : 36 Mins |
| | ৩ | পাঠ্যাংশের ব্যাকরণ | 04 : 16 Mins |
| জাদুকাহিনি | ১ | লেখক পরিচিতি | 03 : 39 Mins |
| | ২ | বিষয়সংক্ষেপ | 05 : 05 Mins |
| গাধার কান | ১ | লেখক পরিচিতি | 03 : 15 Mins |
| | ২ | বিষয়বস্তু | 04 : 22 Mins |

# বাংলা

## LIST OF VIDEOS IN LEARNING APP

| Chapter | Sl. No. | Topics | Duration |
|---|---|---|---|
| | ৩ | টুনু চরিত্র | 03 : 08 Mins |
| | ৪ | পাঠ্যাংশের ব্যাকরণ | 03 : 09 Mins |
| ভাটিয়ালি গান | ১ | কবি পরিচিতি | 02 : 14 Mins |
| | ২ | কবিতার ব্যাখ্যা | 07 : 14 Mins |
| পটলবাবু ফিল্মস্টার | ১ | লেখক পরিচিতি | 03 : 16 Mins |
| | ২ | পাঠপ্রসঙ্গ | 04 : 12 Mins |
| | ৩ | বিষয়সংক্ষেপ | 05 : 07 Mins |
| | ৪ | পাঠ্যাংশের ব্যাকরণ | 04 : 21 Mins |
| চিন্তাশীল | ১ | ভূমিকা | 03 : 59 Mins |
| | ২ | পাঠপ্রসঙ্গ | 02 : 29 Mins |
| | ৩ | বিষয়সংক্ষেপ | 04 : 55 Mins |
| | ৪ | নরহরি চরিত্র | 03 : 32 Mins |
| | ৫ | পাঠ্যাংশের ব্যাকরণ | 05 : 09 Mins |
| দেবতাত্মা হিমালয় | ১ | লেখক পরিচিতি | 01 : 59 Mins |
| | ২ | বিষয়বস্তু (প্রথম পর্ব) | 03 : 49 Mins |
| | ৩ | বিষয়বস্তু (দ্বিতীয় পর্ব) | 05 : 46 Mins |
| | ৪ | বিষয়বস্তু (তৃতীয় পর্ব) | 05 : 47 Mins |
| | ৫ | বিষয়বস্তু (চতুর্থ পর্ব) | 04 : 28 Mins |
| | ৬ | পাঠ্যাংশের ব্যাকরণ | 06 : 46 Mins |
| বই-টই | ১ | কবি পরিচিতি | 02 : 00 Mins |
| | ২ | কবিতার ব্যাখ্যা | 04 : 32 Mins |

## LIST OF VIDEOS IN LEARNING APP

| Chapter | Sl. No. | Topics | Duration |
|---|---|---|---|
| মাকু | ১ | লেখক পরিচিতি | 03 : 28 Mins |
| | ২ | বিষয় সংক্ষেপ (প্রথম পর্ব) | 06 : 56 Mins |
| | ৩ | বিষয় সংক্ষেপ (দ্বিতীয় পর্ব) | 06 : 51 Mins |
| | ৪ | বিষয় সংক্ষেপ (তৃতীয় পর্ব) | 08 : 14 Mins |
| | ৫ | বিষয় সংক্ষেপ (চতুর্থ পর্ব) | 05 : 15 Mins |
| | ৬ | বিষয় সংক্ষেপ (পঞ্চম পর্ব) | 08 : 55 Mins |
| | ৭ | মাকু চরিত্র | 04 : 17 Mins |
| | ৮ | সোনা টিয়া চরিত্র | 05 : 14 Mins |
| | ৯ | ঘড়িওলা চরিত্র | 03: 43 Mins |
| | ১০ | হোটেলওলা চরিত্র | 03 : 49 Mins |
| ব্যাকরণ | | | |
| বাংলা ভাষার শব্দ | ১ | বাংলা শব্দ ভাণ্ডারের বৈচিত্র্য (প্রথম পর্ব) | 04 : 14 Mins |
| | ২ | বাংলা শব্দ ভাণ্ডারের বৈচিত্র্য (দ্বিতীয় পর্ব) | 10 : 18 Mins |
| | ৩ | বাংলা শব্দ ভাণ্ডারের বৈচিত্র্য (তৃতীয় পর্ব) | 06 : 54 Mins |
| | ৪ | বাংলা শব্দ ভাণ্ডারের বৈচিত্র্য (চতুর্থ পর্ব) | 07 : 16 Mins |
| বাংলা বানান | ১ | বাংলা বানান রীতি (প্রথম পর্ব) | 05 : 20 Mins |
| | ২ | বাংলা বানান রীতি (দ্বিতীয় পর্ব) | 05 : 35 Mins |


# LIST OF VIDEOS IN LEARNING APP

| Chapter | Sl. No. | Topics | Duration |
|---|---|---|---|
| | ৩ | বাংলা বানানরীতি (তৃতীয় পর্ব) | 05 : 50 Mins |
| | ৪ | ণত্ব-বিধান | 07 : 15 Mins |
| | ৫ | ষত্ব-বিধান | 06 : 55 Mins |
| নানারকম শব্দ | ১ | যৌগিক শব্দ, রূঢ় শব্দ এবং যোগরূঢ় শব্দ | 05: 34 Mins |
| | ২ | শব্দদ্বৈত এবং ধন্যাত্মক শব্দ | 05: 08 Mins |
| শব্দ তৈরির কৌশল | ১ | শব্দ, পদ ও বিভক্তি | 08:01 Mins |
| | ২ | প্রত্যয়, প্রকৃতি, গুণ ও বৃদ্ধির শর্ত | 06 : 05 Mins |
| | ৩ | শব্দ তৈরির কৌশল | 05 : 01 Mins |
| | ৪ | বাংলা কৃৎ প্রত্যয়, তদ্ধিত প্রত্যয় এবং বিদেশী প্রত্যয় | 11 : 25 Mins |
| কারক, বিভক্তি ও অনুসর্গ | ১ | কারক, বিভক্তি ও অনুসর্গ | 09 : 12 Mins |
| | ২ | কর্তৃকারক | 07 : 05 Mins |
| | ৩ | কর্মকারক | 06 : 04 Mins |
| | ৪ | করণ, নিমিত্ত ও অপাদান কারক | 08 : 09 Mins |
| | ৫ | অধিকরণ কারক ও সম্বন্ধ পদ | 06 : 58 Mins |
| নির্মিতি | | | |
| পত্র রচনা | | পত্র রচনার নিয়ম ও উদাহরণ | 07 : 12 Mins |
| প্রবন্ধ রচনা | | প্রবন্ধ রচনার নিয়ম ও উদাহরণ | 06 : 37 Mins |
| এককথায় প্রকাশ | | এককথায় প্রকাশ | 02 : 39 Mins |
| বাগ্‌ধারা | | বাগধারা নির্মাণ কৌশল | 04 : 38 Mins |

# অধ্যায়ভিত্তিক ভিডিও সহায়িকা

কী আছে এই ভিডিও সহায়িকায়? আছে প্রত্যেকটি অধ্যায়ভিত্তিক প্রশ্নোত্তরের আলোচনা। পরীক্ষায় প্রত্যেকটি অধ্যায় থেকে যা যা প্রশ্ন আসতে পারে সেই সমস্ত ধরনের প্রশ্ন ও উত্তর আলোচনা করা হয়েছে এই ভিডিও সহায়িকায়। শুধু তাই না, ছাত্রছাত্রীদের যাতে না বুঝে মুখস্থ করতে না হয়, তাই সঙ্গে থাকছে প্রত্যেকটি প্রশ্নোত্তরের প্রয়োজন অনুযায়ী ব্যাখ্যা। এইসব অধ্যায়ভিত্তিক প্রশ্নোত্তর ছাত্রছাত্রীরা পেয়ে যাবে আমাদের অ্যাপের ভিডিও সহায়িকা বিভাগে। আমাদের অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর দাবি পরীক্ষায় এর বাইরে কোনো প্রশ্ন আসতে পারে না। স্মার্ট বুকের মধ্যে থাকা কোডের মাধ্যমে সম্পূর্ণ বিনামূল্যে ছাত্রছাত্রীরা আমাদের অ্যাপের এই ভিডিও সহায়িকা ব্যবহার করতে পারবে।

## ভিডিও সহায়িকা পাওয়া যাবে অ্যাপের হোম পেজেই



# ছন্দে শুধু কান রাখো
## অজিত দত্ত





## কবি পরিচিতি

- অজিত দত্ত একজন বিশিষ্ট বাঙালি কবি ও অধ্যাপক।
- অজিত দত্ত ১৯০৭ খ্রিস্টাব্দের ২৩ সেপ্টেম্বর ঢাকার বিক্রমপুরে জন্মগ্রহণ করেন।
- অজিত দত্তের প্রথম কাব্যগ্রন্থ 'কুসুমের মাস' ১৯৩০ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়।
- অজিত দত্ত রচিত বিখ্যাত কাব্যগ্রন্থগুলি হল—'পাতাল কন্যা', 'নষ্ট চাঁদ', 'সাদা মেঘ কালো পাহাড়', 'পুনর্নবা', 'ছায়ার আলপনা', 'জানালা', 'ছড়ার বই' ইত্যাদি। এ ছাড়া তিনি বেশ কিছু প্রবন্ধগ্রন্থ রচনা করেন।
- ১৯৭৯ খ্রিস্টাব্দের ৩০ ডিসেম্বর কবি অজিত দত্ত কলকাতার রাসবিহারীতে শেষনিঃশ্বাস ত্যাগ করেন।

## উৎস

'ছন্দে শুধু কান রাখো' কবিতাটি কবি অজিত দত্তের 'শ্রেষ্ঠ কবিতা' থেকে সংকলিত হয়েছে।

## সারসংক্ষেপ

'ছন্দে শুধু কান রাখো' কবিতাটিতে কবি অজিত দত্ত জীবনের প্রতি মুহূর্তের ছন্দের দিকে নজর রাখার কথা বলেছেন। বদ্ধ জীবন থেকে বেরিয়ে মুক্তির স্বাদ গ্রহণ করতে হবে। নিত্যদিনের কলহ, হিংসা, দ্বন্দ্ব ইত্যাদি থেকে নিজেকে বিরত রাখতে হবে। তবেই আমরা চলার পথে ছন্দ খুঁজে পাব, তবেই আমরা বৃহত্তর জীবনের প্রতি নজর দিতে পারব। প্রকৃতির মাঝে নিজেকে নিমজ্জিত করে চলার পথের ছন্দকে অনুভব করতে হবে। প্রতিটি মুহূর্তকে যদি আমরা উপলব্ধি করতে পারি তাহলে আমরা জীবনের পরতে পরতে মিশে থাকা ছন্দের হদিশ পাব। তাই কবি চারিপাশের সমস্ত জিনিসের প্রতি কান পেতে থাকার পরামর্শ দিয়েছেন। তাঁর মতে, জীবন ছন্দ সাপেক্ষে গতি লাভ করে। আমরা যদি সেই জীবনের ছন্দকে অনুভব করতে না পারি তাহলে সেই জীবন বৃথা। প্রকৃতি-পরিবেশ ও জীবনের ছন্দকে সঠিকভাবে উপলব্ধি করতে না পারলে তা যে কতটা পদ্যময় তার ভেতর যে কতটা সৌন্দর্য লুকিয়ে আছে তা বোঝা সম্ভব নয়। কবি অজিত দত্ত পাঠককে জীবনের নানান রকম ছন্দ উপভোগ করে আনন্দে দিন কাটানোর কথা বলেছেন।

## বিশেষ শব্দার্থ

- **ছন্দ**— রচনার বা সৃষ্টির মাত্রা বা তাল (কবিতার ক্ষেত্রে তিন প্রকার ছন্দ দেখা যায়)
- **দ্বন্দ্ব**— বিবাদ, সংঘাত (এখানে)
- **জোছ্না**— জ্যোৎস্না, চাঁদের আলো
- **ঝিঁঝি**— তীক্ষ্ণ শব্দকারী একধরনের পোকা
- **ছড়া**— লঘু চালের কবিতা
- **তাল**— সামঞ্জস্য
- **পাড়ি**— রওনা
- **ভুবন**—পৃথিবী
- **সংকেত**— ইশারা

## Special Tips

- অজিত দত্তের 'ছন্দে শুধু কান রাখো' কবিতাটি ২০০৭ খ্রিস্টাব্দে প্রকাশিত তার 'শ্রেষ্ঠ কবিতা' থেকে সংগৃহীত হয়।

## ১. অতিসংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্নোত্তর : মান—১

**১.১ 'ছন্দে শুধু কান রাখো' কবিতায় ছন্দ আছে এমন দুটি যানবাহনের নাম উল্লেখ করো।**

উত্তর 'ছন্দে শুধু কান রাখো' কবিতায় ছন্দ আছে এমন দুটি যানবাহনের নাম হল—রেলগাড়ি, হাতে টানা রিক্‌শা।

**১.২ কীভাবে মন না দিলে ছন্দ শোনা যায় না?**

উত্তর দ্বন্দ্ব ভুলে গিয়ে মন না দিলে ছন্দ শোনা যায় না।

**১.৩ মনের মাঝে কীসের ছন্দ শোনার কথা কবি বলেছেন?**

উত্তর মনের মাঝে নদীর স্রোতের ছন্দ শোনার কথা কবি বলেছেন।

**১.৪ কবিতায় ভোর রাতে ও দিনেরবেলায় কী ডাকার কথা বলা হয়েছে?**

উত্তর কবিতায় ভোর রাতে ঝিঁঝির ডাক ও দিনেরবেলায় পাখির ডাকের কথা বলা হয়েছে।

**১.৫ ছন্দে চলা ঘড়ির কাঁটায় কী বাঁধা পড়ে?**

উত্তর ছন্দে চলা ঘড়ির কাঁটায় দিনরাত্রি বাঁধা পড়ে।

**১.৬ কবি কবিতায় কীসে কান দেওয়ার কথা বলেছেন?**

উত্তর কবি কবিতায় ছন্দে কান দেওয়ার কথা বলেছেন।

**১.৭ 'ছন্দে শুধু কান রাখো' কবিতায় কবি কীসে কান না দেওয়ার কথা বলেছেন?**

উত্তর 'ছন্দে শুধু কান রাখো' কবিতায় কবি মন্দ কথায় কান না দেওয়ার কথা বলেছেন।

**১.৮ জলের ছন্দে তাল মিলিয়ে কারা পাড়ি দেয়?**

উত্তর জলের ছন্দে তাল মিলিয়ে নৌকো জাহাজ পাড়ি দেয়।

**১.৯ কীভাবে এই পৃথিবী চেনা সম্ভব?**

উত্তর কান ও মন পেতে যারা বিশ্বের সব শব্দ শুনবে তাদের পক্ষে ছন্দ সুরের সংকেতে পৃথিবী চেনা সম্ভব।

**১.১০ ছন্দে কান না দিলে কী করা সহজ নয়?**

উত্তর ছন্দে কান না দিলে পদ্য লেখা সহজ নয়।

**১.১১ দ্বন্দ্ব ভুলতে না পারলে কী হবে?**

উত্তর দ্বন্দ্ব ভুলতে না পারলে ছন্দ শোনা যাবে না।

**১.১২ জ্যোৎস্নাতে কীভাবে ছন্দ থাকে?**

উত্তর জ্যোৎস্নার যে অপরূপ স্নিগ্ধতা তার মধ্যেই ছন্দ থাকে।

**১.১৩ কান পাতলে কী বোঝা যাবে বলে কবি মনে করেছেন?**

উত্তর কবি মনে করেছেন, কান পাতলে বোঝা যাবে এই জগতের সবকিছুর মধ্যেই ছন্দ আছে।

**১.১৪ পদ্য লেখা কখন সহজ হবে?**

উত্তর ছন্দে কান পাতলেই পদ্য লেখা সহজ হবে।

**১.১৫ "কেউ লেখেনি আর কোথাও।"—এখানে কীসের কথা বলা হয়েছে?**

উত্তর নদীর স্রোতে যে ছড়ার ছন্দ আছে, সেই ছড়া কেউ কোথাও লেখেনি—এখানে সেই কথাই বলা হয়েছে।

## ২. ব্যাখ্যাভিত্তিক সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্নোত্তর মান—২

**২.১. "মন্দ কথায় মন দিয়ো না" বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?**

উত্তর মন্দ কথায় কান দিয়ে সময় ব্যয় করলে জীবনের অনেক সুন্দর মুহূর্তকে ছোঁয়া যায় না, না-শোনা থেকে যায় অনেক অশ্রুতপূর্ব ছন্দ। কবি তাই দ্বন্দ্ব-সংঘাত ভুলে, বাজে কথায় কান না দিয়ে সেই সমস্ত শ্রুতিমধুর ছন্দে কান দেওয়ার কথা বলেছেন। এর মাধ্যমে কবি জগৎ-জীবনের সুন্দর ছন্দকে উপভোগ করার বার্তা দিয়েছেন।

**২.২. "দ্বন্দ্ব ভুলে মন না দিলে/ছন্দ শোনা যায় নাকো।" —কোন্ ছন্দ কেন শোনা যায় না?**

উত্তর আমাদের চারপাশের যে-কোনো প্রাকৃতিক ও যান্ত্রিক বস্তুর মধ্যেই ছন্দ বর্তমান। কিন্তু মন্দ কথায় কান দিয়ে ঝগড়া-বিবাদে লিপ্ত থাকলে, মন ও কান পেতে সেইসব অপূর্ব ছন্দ শোনা যায় না।

**২.৩. "নৌকো জাহাজ দেয় পাড়ি"—কখন নৌকো জাহাজ পাড়ি দেয় বলে কবি মনে করেন?**

উত্তর কবি অজিত দত্তের মতে, নদীর স্রোতের যে ছন্দ আছে সেই ছন্দের সঙ্গে তাল মিলিয়ে নৌকো জাহাজ এক জায়গা থেকে অন্য জায়গায় অবিরাম পাড়ি দেয়। কবি সেই ছন্দকে অনুভব করার প্রসঙ্গে পঙ্‌ক্তিটির অবতারণা করেছেন।

**২.৪. "ছন্দে বাঁধা রাত্রি-দিন"—কীভাবে রাত্রি-দিন বাঁধা আছে?**

উত্তর প্রশ্নে উদ্ধৃত পঙ্‌ক্তিটির মাধ্যমে কবি বোঝাতে চেয়েছেন আমাদের জীবনের প্রতিটি দিনের প্রত্যেকটা মুহূর্ত ছন্দময়। একটা গোটা দিন যদি আমরা খেয়াল করি তাহলে বলতে পারব ঘড়ির কাঁটাসহ আমাদের চারপাশের সমস্ত জিনিসই একটি নির্দিষ্ট ছন্দে বাঁধা।

**২.৫. "জীবন হবে পদ্যময়"—জীবনকে কেন 'পদ্যময়' বলা হয়েছে?**

উত্তর কবি অজিত দত্ত 'ছন্দে শুধু কান রাখো' কবিতায় জীবনের চলার পথে যে অজস্র ছন্দ আছে তা উপলব্ধি করা বা খোঁজার কথা বলেছেন। তিনি মনে করেছেন চারপাশের জগতকে এইভাবেই চেনা সম্ভব। বস্তুত এখানে ছন্দকে উপলব্ধি করার প্রসঙ্গেই 'পদ্য' পদটির অবতারণা করেছেন তিনি। তাঁর মতে, এই সমস্ত ছন্দকে সঠিকভাবে উপলব্ধি করতে পারলে সুরের সংকেতে জীবন 'পদ্যময়' হয়ে উঠবে।

**২.৬. "কেউ লেখেনি আর কোথাও।"—কোন্ বিষয়ে একথা বলা হয়েছে?**

উত্তর মনের মধ্যে যদি নদীর স্রোতের ছন্দ শুনতে পাওয়া যায় তাহলে বোঝা যাবে সেই ছন্দে কোথাও কোনো ছড়া লেখা হয়নি।

**২.৭. নদীর স্রোতের ছন্দ কীভাবে শোনা যায়?**

উত্তর মন্দ কথায় কান না দিয়ে, সমস্ত দ্বন্দ্ব-সংঘাত ভুলে মন ও কানকে সজাগ রাখলে প্রকৃতির নানান রকমের ছন্দের সঙ্গে পরিচিত হওয়া যায়। তখনই মনের মধ্যে নদীর স্রোতের ছন্দ শোনা যায়।

**২.৮. "কিচ্ছুটি নয় ছন্দহীন"—কবি এ কথা কেন বলেছেন?**

উত্তর মন্দ কথায় কান না দিয়ে একাগ্র চিত্তে প্রকৃতির মাঝে কান পেতে থাকলে নানান ছন্দ কর্ণগোচর হয়। তখন জগৎ ও জীবনের বিভিন্ন ছন্দ সঠিকভাবে উপলব্ধি করা যায়। তাই কবি বলেছেন "কিচ্ছুটি নয় ছন্দহীন"।

**২.৯. কীভাবে এই ভুবনটাকে চেনা সম্ভব বলে কবি মনে করেছেন?**

উত্তর মন্দ কথায় কান না দিয়ে সমস্ত দ্বন্দ্ব-সংঘাত ভুলে নিবিড়ভাবে মন ও কান পেতে থাকলে পৃথিবীর বিভিন্নরকম ছন্দ সম্পর্কে অবগত হওয়া যায়। তখন সেই ছন্দ-সুরের ঝংকারে ভুবনটাকে চেনা সম্ভব বলে কবি মনে করেছেন।

**২.১০. "ছন্দ বাজে মোটর চাকায়"—এই প্রসঙ্গে কবি কোন্ কোন্ যানবাহনের প্রসঙ্গ এনেছেন?**

উত্তর মোটর-চাকার ছন্দ প্রসঙ্গে কবি রেলগাড়ির ছন্দে চলাচলের কথা বলেছেন। এ ছাড়াও জলের ছন্দে তাল মিলিয়ে তিনি নৌকো জাহাজের পাড়ি দেওয়ার কথাও তুলে ধরেছেন।

**২.১১. "মন্দ কথায় মন দিয়ো না"—মন্দ কথার প্রতি কবির কীরূপ মনোভাব কবিতায় ব্যক্ত হয়েছে?**

উত্তর 'ছন্দে শুধু কান রাখো' কবিতায় কবি অজিত দত্ত সুন্দর জীবনের ছন্দকে অনুভব করার কথা বলতে গিয়ে এই প্রশ্নোদ্ধৃত পঙ্ক্তিটি অবতারণা করেছেন। মন্দ কথায় কান দিলে জীবনের অপূর্ব ছন্দকে শোনা ও বোঝা সম্ভব নয়।

**২.১২. "পদ্য লেখা সহজ নয়"—পদ্য লেখা কখন সহজ হবে বলে কবি মনে করেন?**

উত্তর কবির মতে, এই বিশ্বব্রহ্মাণ্ডকে যদি অন্তর থেকে বুঝতে বা চিনতে হয়, জীবনকে যদি সঠিকভাবে উপলব্ধি করতে হয় তাহলে ঝগড়া-বিবাদ ভুলে, কান পেতে আর মন দিয়ে জীবনের ছন্দকে অনুভব করতে হবে। আর ছন্দ-সুরে ভরা জগৎকে চিনে নিতে পারলে জীবন হবে পদ্যময়—তখনই পদ্য লেখা সহজ হবে।

**২.১৩. "ছন্দ শোনা যায় নাকো"—কখন কবির ভাবনায় আর ছন্দ শোনা যায় না?**

উত্তর প্রশ্নোদ্ধৃত পঙ্ক্তিটির মাধ্যমে কবি বলতে চেয়েছেন, যখন মানুষের মন নানান কটু কথা-দ্বন্দ্ব-কলহ-সংহাত ইত্যাদির মধ্যে নিমজ্জিত থাকে তখন সাধারণ মানুষ নিজের মনকে বিকশিত করার সুযোগ পায় না। ফলস্বরূপ তাঁর মতে জীবনের রূপ-রস-গন্ধ-সুর-তাল-ছন্দ ইত্যাদি ভালো ও সুন্দরের থেকে তারা বঞ্চিত থেকে যায়, সেগুলি আর তাদের শোনা হয় না।

## ৩. নীচের শব্দগুলি উৎসগতভাবে কী ধরণের শব্দ লেখো : ঝড়, রেলগাড়ি, ভুবন।

| | | | |
|---|---|---|---|
| ৩.১ | ঝড় | = | তদ্ভব শব্দ |
| ৩.২ | রেলগাড়ি | = | মিশ্র শব্দ |
| ৩.৩ | ভুবন | = | তৎসম শব্দ |

### বিশেষ আগ্রহী ছাত্রছাত্রীদের জন্য প্রশ্ন

১. 'পদ্যময়' জীবন বলতে কী বোঝো?
২. জীবন কীভাবে 'পদ্যময়' হতে পারে? তাহলে গদ্যময় জীবন কীরূপ হয়?
৩. ছন্দ জ্ঞান ভালো হলে ভুবনকে কীভাবে চিনবে?
৪. ছন্দহীন জীবন কী সাফল্য দিতে পারে?
৫. পৃথিবী ছন্দহীন হলে কী ঘটবে?
৬. বাংলা ভাষার ছন্দ সম্পর্কে কী জানো?

### শিক্ষক-শিক্ষিকার পরামর্শ

এই পাঠ্য কবিতাটির মাধ্যমে কবি অজিত দত্ত জীবনের ছন্দকে খুঁজে বের করার ইঙ্গিত দিয়েছেন। তোমরা বাজে কথায় বা অসুন্দরের প্রতি নজর না দিয়ে চেষ্টা করো প্রাকৃতিক শোভা, যন্ত্রচালিত বস্তু, নিত্য প্রয়োজনীয় সরঞ্জাম ও জগৎ-জীবনের সঙ্গে মিশে থাকা ছন্দগুলি খুঁজে বের করতে। তাহলেই দেখবে তোমরা না-পাওয়া আনন্দগুলি খুব সহজেই আহরণ করতে পারবে।

# CHAPTERWISE MOCK TEST

## শ্রেণি: সপ্তম

## বিষয়: বাংলা

## ছন্দে শুধু কান রাখো

**সময় : ৩০ মিনিট** **পূর্ণমান: ১৫**

**১। সঠিক উত্তর নির্বাচন করো।** ১ × ৫ = ৫

১.১ ছন্দে শুধু কান রাখতে হলে কোথায় মন দিলে হবে না?

(ক) ভালো কথায় (খ) মন্দ কথায় (গ) কু-কথায় (ঘ) রূপকথায়

১.২ ছন্দ শুনতে গেলে কী ভুলতে হবে?

(ক) দ্বন্দ্ব (খ) বিদ্বেষ (গ) ঠিকানা (ঘ) হিংসা

১.৩ কোন্ সময়ের পাখির ডাকে ছন্দের আভাস পাওয়া যায়?

(ক) রাত-দুপুর (খ) দিন-রাত (গ) রাত-দিন (ঘ) দিন-দুপুরে

১.৪ জলের ছন্দে তাল মিলিয়ে কী পাড়ি দেয়?

(ক) নৌকো-জাহাজ (খ) নৌকো (গ) জাহাজ (ঘ) মান্দাস

১.৫ ঘড়ির কাঁটা কীভাবে চলে?

(ক) নৃত্যের মতো (খ) রুদ্রাক্ষের মতো (গ) ছন্দে (ঘ) তালে

**২। অনধিক ২০টি শব্দের মধ্যে প্রশ্নগুলির উত্তর দাও।** ১ × ৭ = ৭

২.১ মনের মাঝে কবি কীসের ছন্দ শোনার কথা বলেছেন?

২.২ ‘ভোর রাতে’ ও ‘দিনের বেলায়’ কী ডাকার কথা বলা হয়েছে?

২.৩ এই ভুবনকে কীভাবে চেনা সম্ভব?

২.৪ ‘জ্যোৎস্নার ছন্দ’—কীভাবে উপলব্ধি করা যায়?

২.৫ দ্বন্দ্ব ভুলতে না পারলে কী হবে?

২.৬ পদ্য লেখা কখন সহজ হবে?

২.৭ কান পাতলে কী বোঝা যাবে?

**৩। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও। (যে-কোনো একটি)** ১ × ৩ = ৩

৩.১ ‘ছন্দ শোনা যায় নাকো’—কবি ভাবনায় কখন ছন্দ শোনা যায় না?

৩.২ প্রকৃতির কোন্ কোন্ ছন্দ কান পেতে শোনা যায় লেখো।



এই অধ্যায়ের প্রশ্নপত্রের উপর পরীক্ষা দিয়ে সেই উত্তরপত্রের ছবি তুলে Learning App-এ আপলোড করে দিলেই ওই প্রশ্নপত্রের Model Answer ছাত্রছাত্রীরা ডাউনলোড করে নিতে পারবে। আরও জানতে Call করো এই নম্বরে— 9903985050